দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ...২... কলাম ...১...

NOV 17 2002

# ঢা.বি ক্যাম্পাসে সড়ক দুর্ঘটনা ট্রাক জ্বালিয়ে দিয়েছে বিক্ষুব্ধ ছাত্ররা

## ❑ পথচারী ও রিকশাচালক গুরুতর আহত

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সড়ক দুর্ঘটনায় এক পথচারী ও এক রিকশাচালকের গুরুতর আহত হওয়ার ঘটনায় তুলকালাম কাণ্ড ঘটেছে। বিক্ষুব্ধ ছাত্ররা ঘাতক ট্রাকে (বগুড়া-ট-৩০৮১) আগুন ধরিয়ে দেয়। এ সময় হাজারখানেক ছাত্র বিক্ষোভে অংশ নেয়। প্রত্যক্ষদর্শীদের বর্ণনা অনুযায়ী রাজু স্মৃতি ভাস্কর্যের সামনে রাত সাড়ে ৮টায় নুড়িপাথর ভর্তি ১টি ট্রাক আবদুল কাদের নামে এক রিকশাচালককে পেছন থেকে ধাক্কা দিলে সে রিকশা উলটে গুরুতর আহত হয়। তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ সময় চালক ট্রাক নিয়ে পালাতে গিয়ে সার্জেন্ট জহুরুল হক হলের সামনে পথচারী ইউসুফকে আহত করে। তার পায়ের ওপর দিয়ে ট্রাকের চাকা উঠে যায়। তাকে বর্তমানে পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পরপরই বিক্ষুব্ধ ছাত্ররা ট্রাকে আগুন ধরিয়ে দেয়। এ সময় ক্যাম্পাসে ফায়ার ব্রিগেড তলব করা হলে বিক্ষুব্ধ ছাত্ররা ফায়ার ব্রিগেডের গাড়ি ঢুকতে দেয়নি।

পরে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক আ.ফ.ম. ইউসুফ হায়দারের অনুরোধে ফায়ার সার্ভিসের গাড়ি ঢুকে আগুন নিভিয়ে দেয়। ক্যাম্পাসে ব্যাপক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল। ঘটনাস্থলে প্রো-ভিসিসহ বিশ্ববিদ্যালয়ের কর্তাব্যক্তিরা অবস্থান করছেন।

ব